



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং ৩৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-১০৪

তারিখ: ০৮/১০/২০২৩ খ্রি:

## ২০২৪ সালের দাখিল পরীক্ষার রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত

### বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর আওতাভুক্ত সকল মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সবাইকে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের দাখিল শ্রেণির শিক্ষার্থী যারা ২০২৩ সালে দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করে অতিরিক্ত বিষয় ছাড়া ০১ (এক) বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ ২০২৩ সালে উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারাই রেজিস্ট্রেশন নবায়ন ফি জমা দিয়ে ২০২৪ সালে অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন কার্ড নবায়ন ব্যতিত ২০২৪ সালের দাখিল পরীক্ষার ফরমপূরণ করা যাবে না।

#### নবায়নের নিয়মাবলী নিম্নরূপঃ

- (১) মাদ্রাসার প্যাডে প্রতিষ্ঠান প্রধানের আবেদন, মূল রেজিস্ট্রেশন কার্ড ও তার ফটোকপি এবং রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা- এর নামে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ২০০/- (দুইশত) টাকার ডিম্যান্ড ড্রাফট/পে-অর্ডার সহ (বিলম্ব ফি ছাড়া) ২২/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই বোর্ডে দাখিল করে রেজিস্ট্রেশন কার্ড নবায়ন করে নিতে হবে।
- (২) বিলম্ব ফি সহ (২০০ + ১০০) = ৩০০/- (তিনশত) টাকার ডিম্যান্ড ড্রাফট/পে-অর্ডার ও ১নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রসহ বোর্ডে জমা দেয়ার সর্বশেষ তারিখ ২৬/১০/২০২৩ খ্রিঃ।

#### বিষয়টি অতীব জরুরি

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান)  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬১২৮৫৮

স্মারক নং ৩৭.১৬.০০০০.০০৬.৩২.০০১.২০-১০৪

তারিখ: ০৮/১০/২০২৩ খ্রি:  
০৮.১০.২৩

#### অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ:

- ০১। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
- ০২। সিঃ সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
- ০৩। জনাব, মোঃ আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
(বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ০৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
- ০৫। সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল
- ০৬। সকল সেকশন অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
- ০৭। অত্র বোর্ডের অধীনে স্বীকৃতি প্রাপ্ত/ পাঠদান অনুমতি প্রাপ্ত সকল মাদ্রাসা প্রধান
- ০৮। পি. ও. টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
- ০৯। অফিস কপি।

০৪.১০.২৩

(তৈয়ব হোসেন সরকার)

উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-২২৩৩৬৫৪০৩

তারিখ: ০৮.১০.২৩